

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন উপজেলার ন্যায় খুলনা জেলার দিঘলিয়া উপজেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বহমান রয়েছে। বর্ণিত অবস্থায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিঘলিয়া, খুলনার সাথে পরামর্শক্রমে দিঘলিয়া উপজেলাবাসীকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

১. বিশেষ প্রয়োজন ব্যতীত প্রখর রোদে বাইরে বের না হওয়া; বিশেষ প্রয়োজনে ঘরের বাইরে বের হলে ছাতা ব্যবহারের চেষ্টা করতে হবে।
২. পানি শূন্যতা পরিহার করতে প্রচুর পরিমাণে বিশুদ্ধ পানি/ঈষদুষ্ণ পানি পান করতে হবে।
৩. সহজে হজম হয় এমন খাবার খাওয়ার চেষ্টা করা এবং বাসি, খোলা খাবার খাওয়া থেকে বিরত থাকতে হবে।
৪. ভাজা পোড়া খাবার যথাসম্ভব পরিহার করতে হবে।
৫. ঠাণ্ডা পানি দিয়ে শরীর বার বার মুছতে হবে।
৬. শ্বাসকষ্টের রোগী ও শিশুদের বিষয়ে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হবে।
৭. বিদ্যমান প্রতিকূল আবহাওয়ার প্রেক্ষিতে প্রয়োজ্য ক্ষেত্রে উপজেলা কৃষি সম্প্রসারণ/মৎস্য/প্রাণীসম্পদ কর্মকর্তা হতে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করতে হবে।
৮. বাহিরে কাজের ক্ষেত্রে পরিবহন শ্রমিক, কৃষি শ্রমিকগণ যেন কাজের ফাঁকে ফাঁকে ছায়ায় বিশ্রাম নিতে পারে, সেই ব্যবস্থা রাখতে হবে।
৯. অসুস্থ বোধ করলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

প্রচারেঃ উপজেলা প্রশাসন, দিঘলিয়া, খুলনা।

সহযোগিতায়ঃ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), দিঘলিয়া, খুলনা।